

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৯, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ৩ বৈশাখ ১৪১৬ বঙ্গাব্দ/১৬ এপ্রিল ২০০৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৬১-আইন/২০০৯।—জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জন্ম ও মৃত্যু নিবন্ধন (ইউনিয়ন পরিষদ) বিধিমালা, ২০০৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২০ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(১) আইনের ধারা ১১, ১৩ এবং ১৫ তে বর্ণিত শর্ত, উপ-বিধি (২) এর বিধান এবং বিধি ২০ক এর বিধান সাপেক্ষে এই আইন ও বিধিমালার অধীন প্রদত্ত সেবার জন্য নিবন্ধক নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিকের বিপরীতে কলাম (২) এ উল্লিখিত ক্ষেত্রে উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে ফিস আদায় করিবেন, যথাঃ—

(১)	(২)	(৩)
১।	জন্মের তারিখ হইতে দুই বৎসরের মধ্যে কোন ব্যক্তির জন্ম নিবন্ধন	শূন্য
২।	মৃত্যুর তারিখ হইতে দুই বৎসরের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধন	শূন্য

(৩০৮৫)

মূল্য : টাকা ২.০০

(১)	(২)	(৩)
৩।	জন্ম বা মৃত্যুর তারিখ হইতে দুই বৎসর পর কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রতি বৎসরের জন্য	৫.০০ টাকা হারে
৪।	জন্ম বা মৃত্যু সনদের মূল বাংলা বা ইংরেজী কপি সরবরাহ	শূন্য
৫।	জন্ম বা মৃত্যু সনদের বাংলা বা ইংরেজী দ্বি-নকল কপি সরবরাহ	২৫.০০ টাকা
৬।	সরবরাহকৃত তথ্যের ভিত্তিতে প্রদত্ত নিবন্ধন সনদে কোন ভুল বা গরমিল পরিলক্ষিত হইলে নিবন্ধন সনদ এবং, ক্ষেত্রমত, নিবন্ধন বহি সংশোধন	১০.০০ টাকা।”।

(খ) বিধি ২০ক এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২০ক প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“২০ক। বিধি ২০ এর উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে, নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিকের বিপরীতে কলাম (২) এ উল্লিখিত ক্ষেত্রে উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত ফিসের হার প্রযোজ্য হইবে, যথা ঃ—

(১)	(২)	(৩)
১।	অনূর্ধ্ব আঠার বৎসর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন	শূন্য
২।	অন্যূন আঠার বৎসর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন	৫০.০০ টাকা
৩।	কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধন	শূন্য।”।

২। এই প্রজ্ঞাপন ১ জানুয়ারি, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আখতারী বেগম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd